

তারিখ
পৃষ্ঠা ... কলাম ...

ব্যাগডক লাইব্রেরিতে পড়াশোনার সুযোগ

উন্নত বিশ্বের প্রায় প্রতিটি দেশেই রয়েছে বিষয়ভিত্তিক লাইব্রেরি। বিশেষ করে বর্তমানের বিজ্ঞানভিত্তিক সভ্যতায় প্রায় সব দেশেই গড়ে তুলেছে বিজ্ঞানভিত্তিক লাইব্রেরি। তেমনই একটি বিজ্ঞানভিত্তিক আধুনিক লাইব্রেরি হল বাংলাদেশের ব্যাগডক লাইব্রেরি।

বিজ্ঞান, প্রযুক্তি এবং প্রকৌশল প্রভৃতি বিষয়ের ওপর বিভিন্ন ধরনের বই, জার্নাল আর বিভিন্ন তথ্য নিয়ে গড়ে উঠেছে ব্যাগডক লাইব্রেরি। বিজ্ঞানের সব শাখার বই এখানে পাওয়া যায়। অন্যান্য লাইব্রেরি, কলেজ বা বিশ্ববিদ্যালয়ে যেসব বিজ্ঞানভিত্তিক বই, জার্নাল বা তথ্য পাওয়া যায় না, সেসবও অনেক ক্ষেত্রে এখানে পাওয়া যায়।

বইয়ের ধরন : ব্যাগডক লাইব্রেরির সব বই-ই বিজ্ঞানভিত্তিক বা বিজ্ঞানের সঙ্গে সম্পর্কযুক্ত। এ লাইব্রেরিতে বিজ্ঞান সম্পর্কিত যেসব বিষয়ের ওপর বই বা জার্নাল রয়েছে সেগুলো হচ্ছে : কম্পিউটার ও তথ্যপ্রযুক্তি পরিবেশ বিজ্ঞান, জ্যোতির্বিজ্ঞান, গ্রহাণুগত বিজ্ঞান, পদার্থবিদ্যা, রসায়ন, গণিত, ভূপ্রকৃতি ও মৃত্তিকা বিজ্ঞান, ভূগোল, জীববিদ্যা, উদ্ভিদ বিজ্ঞান, প্রাণী বিজ্ঞান, চিকিৎসা বিজ্ঞান, প্রকৌশল ও প্রযুক্তি, পারিবারিক ও গার্হস্থ্য বিজ্ঞান প্রভৃতি। এই লাইব্রেরিতে প্রায় ১৭ হাজার বিজ্ঞান, প্রযুক্তি এবং প্রকৌশলভিত্তিক বই এবং প্রায় ৭০টি বিভিন্ন

বিষয়ভিত্তিক বৈজ্ঞানিক জার্নাল রয়েছে। আরও রয়েছে বিভিন্ন বিজ্ঞানভিত্তিক পত্রিকা, সাময়িকী ইত্যাদি।

ব্যাগডকে সুবিধা : যে কোন বিজ্ঞানবিষয়ক ওরুতপূর্ণ তথ্য সংগ্রহের ব্যাপারে লাইব্রেরি কর্তৃপক্ষ সাহায্য করে থাকে। বিজ্ঞানের বিভিন্ন বিষয় নিয়ে যারা রাতক বা রাতকোত্তর পর্যায়ে পড়াশোনা করছেন তারা এই লাইব্রেরিতে কোন অর্থ ব্যয় ব্যতীত পড়াশোনা করতে পারেন। কোন পাঠকই বই বা জার্নাল লাইব্রেরি থেকে বাসায় নিতে পারেন না। তবে বই বা জার্নালের ফটোকপি করার সুযোগ রয়েছে।

এখন আরও রয়েছে সাইবার ক্যাফে। এখানে নির্দিষ্ট নিয়ম মেনে ইন্টারনেট ব্যবহার করার সুযোগ রয়েছে।

কাজ এখানে আসতে পারেন : বিজ্ঞানমনস্ক বিজ্ঞানভিত্তিক জ্ঞান আহরণে অগ্রহী যে কোন ব্যক্তিই ব্যাগডক লাইব্রেরিতে আসতে পারেন। বিশেষত বিজ্ঞানের শিক্ষক, ছাত্রছাত্রী, গবেষক- এরা এখানে এলে বিশেষভাবে উপকৃত হতে পারেন। এখানে এসে বই পড়া, জার্নাল দেখা বা তথ্য সংগ্রহ করার ধরাধা কোন নিয়ম নেই। বিজ্ঞানের যে কোন শাখায় পড়ছেন, গবেষণা করছেন বা পড়াচ্ছেন এমন যে কেউই এখানে আসতে পারেন। সব বিষয়ের বিজ্ঞানমনস্ক পাঠকের জন্যই ব্যাগডক লাইব্রেরি উন্মুক্ত।

ব্যাগডকের অবস্থান : ঢাকা মহানগরীর অন্যতম বস্ত্র এলাকার নাম সাদেক ল্যাবরেটরি এলাকা। সাদেক ল্যাবরেটরি মোড়ে ল্যাবরেটরি কম্প্লাসেই ব্যাগডক লাইব্রেরি অবস্থিত।

লাইব্রেরির সময়সূচি : সরকারি ছুটির দিন ছাড়া প্রতিদিন সকাল ৯টা থেকে বিকেল ৫টা পর্যন্ত এই লাইব্রেরি খোলা থাকে।

মহিউদ্দিন এমএ কাদের